

অন্ধ্র বিভাজন নিয়ে দলের বর্ষীয়ান নেতা ভেঙ্কাইয়া নাইডু সমপর্কে অন্ধ্রের বিধায়ক ইয়ান্নাম শ্রীনিবাস রেড্ডির করা মন্তব্যের বিষয়ে কঠোর অবস্থান নিয়েছেন বিজেপি সভাপতি রাজনাথ সিং। দলের রাজ্যসভাপতি কিষন রেড্ডিকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন তিনি।

শ্রীনিবাস রেড্ডি পরে তাঁর মন্তব্যের জন্য শ্রী ভেঙ্কাইয়া নাইডুর কাছে ক্ষমা চাওয়ায় এই বিধায়কের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ না করার জন্য জাতীয় ও রাজ্য সভাপতিকে অনুরোধ জানিয়েছেন শ্রী নাইডু।

বিষয়টা মাথায় রেখে শ্রী রাজনাথ সিং, অন্ধ্রের রাজ্য সভাপতিকে নির্দেশ দেন, দলীয় কর্মীরা যাতে প্রকাশ্যে দলীয় নেতৃত্ব সমপর্কে কোনও বিরূপ মন্তব্য না করে সেদিকে নজর দিতে।

বিজেপির জাতীয় কর্ম সমিতির সদস্য পি চন্দ্রশেখর এই বিধায়ককে সমর্থন করায়, অসন্তুষ্ট শ্রী রাজনাথ সিং বিষয়টি নিয়ে রাজ্য সভাপতির রিপোর্ট চেয়েছেন। এই রিপোর্টের ভিত্তিতেই পরবর্তী পদক্ষেপ করা হবে।

দলের এই আভ্যন্তরীণ বিপদ সমপর্কে কেন্দ্রীয় নেতৃত্ব ওয়াকিবহাল। তাই দলের শৃঙ্খলা মেনে চলার জন্য দলের বর্ষীয়ান নেতাদেরও নির্দেশ দেওয়া হয়েছে। কংগ্রেসের বিভিন্ন অভিসন্ধিমূলক কর্মসূচি সমপর্কে দলীয় কর্মীদের সাবধান করেছেন তিনি। তাদের পাতা ফাঁদে পা না দেওয়ার জন্যেও সাবধান করেছেন।

পৃথক তেলেঙ্গানা রাজ্য গঠনের ব্যাপারে বিজেপির প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দেন শ্রী রাজনাথ সিং। একই সঙ্গে সীমান্তের মানুষের স্বার্থ যাতে কোনওভাবে লঙ্ঘিত না হয় সেই দাবিও জানান।